



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৫৯৪

তারিখঃ ০৪/১২/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৫৯ তম কমিশন সভা অদ্য ০৪/১২/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. গত ১২/১১/২০১২ইং তারিখে Rajshahi Digital Plus Limited মূলধন উত্তোলনের (Capital Raising) প্রস্তাব কমিশনে দাখিল করে। তাদের আবেদনের সাথে দাখিলকৃত অডিটর সার্টিফিকেট যাচাই করলে দেখা যায় যে, তাদের উক্ত অডিটর সার্টিফিকেট ভূঁয়া (false)। কমিশন আজকের সভায় Rajshahi Digital Plus Limited কে উক্ত অসত্য তথ্য দাখিলের জন্য ১০ লক্ষ টাকা জরিমানা করেছে এবং কোম্পানীকে কালো তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও বিষয়টি Registered of Joint Stock Companies & Firm, রাজশাহী অঞ্চল কে অবহিত করা হবে।
২. কমিশন, Raspit Data Management and Telecommunications Limited (issuer) এর সেপ্টেম্বর ৩০, ২০১১ইং বৎসরে সমাপ্ত বছরের ১ম কোয়ার্টার আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য উক্ত কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৩. কমিশন, Fahad Industries Limited (issuer) এর ডিসেম্বর ৩১, ২০১১ইং বৎসরে সমাপ্ত বছরের অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য উক্ত কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৪. কমিশন, Amam Sea Food Industries Limited (issuer) এর ডিসেম্বর ৩১, ২০১১ইং বৎসরে সমাপ্ত বছরের অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য উক্ত কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৫. আজকের সভায় কমিশন, Khaza Mosaic Tiles & Stone Industries Limited (issuer) এর ডিসেম্বর ৩১, ২০১১ইং বৎসরে সমাপ্ত বছরের অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য উক্ত কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৬. AFC Agro Biotech Limited কে ২৯,৬৫,০০০ টি সাধারণ শেয়ার (প্রতিটি ১০ টাকা মূল্যমানের) ইস্যুর মাধ্যমে ২,৯৬,৫০,০০০ টাকা মূলধন উত্তোলনের (Capital Raising) প্রস্তাবে অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটির পরিশোধিত মূলধন ৩৫,০৩,৫০,০০০ টাকা থেকে ৩৮,০০,০০,০০০ টাকায় উন্নীত হবে।
৭. কমিশন আজকের সভায় ক্ষতিগ্রস্থ বিনিয়োগকারীগণের জন্য Mutual Fund এর সকল পাবলিক ইস্যুতে ২০% কোটা সংরক্ষণ এর বিষয়টি অনুমোদন করেছে। তালিকাভুক্ত ক্ষতিগ্রস্থ বিনিয়োগকারীগণের জন্য ২০% কোটা সংরক্ষণের বিষয়টি ০১ জুলাই ২০১২ তারিখ হতে ৩০ জুন ২০১৪ তারিখ পর্যন্ত সময়কালে মিউচুয়াল ফান্ডের সকল পাবলিক ইস্যুর জন্য প্রযোজ্য হবে।
৮. যে সকল মিউচুয়াল ফান্ড এখনও কমিশনের নিবন্ধন প্রাপ্ত হয়নি, সে সমস্ত নতুন মিউচুয়াল ফান্ড পুঁজিবাজারে আসার ক্ষেত্রে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ১৫ ও উপবিধি ১ এর শর্তানুযায়ী সম্পদ ব্যবস্থাপকের নাম সহকারে গুরু হবে।



মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র